

2017/SEM/EVEN/BNGP-201/186

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৭

বাংলা

(ঐচ্ছিক)

(দ্বিতীয় ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGP-201



[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) এবং ছন্দ ও অলংকার]

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

১। (ক) ফোর্ট উইলিয়ম কলেজ কবে প্রতিষ্ঠিত হয়? প্রতিষ্ঠাতার নাম কী? এই কলেজে বাংলা ও সংস্কৃত বিষয়ের প্রধান পণ্ডিতরূপে কাকে নিযুক্তি দেওয়া হয়েছিল? বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের অবদান সম্পর্কে আলোচনা করো। ১+১+১+১১=১৪

অথবা

(খ) বিদ্যাসাগর কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন? তাঁর 'শুকুন্তলা' গ্রন্থটি কোন্ গ্রন্থ অবলম্বনে রচিত? বিদ্যাসাগরকে 'বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী' আখ্যা কে দিয়েছিলেন? বাংলা গদ্যরীতির শিল্পসম্মত রূপ প্রদানে বিদ্যাসাগরের কৃতিত্ব বর্ণনা করো। ১+১+১+১১=১৪

অথবা

- (গ) নাট্যকার দীনবন্ধু মিত্র রচিত দুটি প্রহসনের নাম লেখো।
তাঁর কোন্ নাটকে কাছাড়ের ইতিহাসের উল্লেখ আছে?
বাংলা নাট্যধারায় দীনবন্ধু মিত্রের নাট্যকৃতির পরিচয় দাও।

২+১+১৪=১৮

- ২। (ক) মাইকেল মধুসূদন দত্তের আগে মহাকাব্য রচনার প্রয়াস
করেছিলেন এমন দুজন কবির নাম লেখো। মধুসূদন
রচিত মহাকাব্যের নাম কী? কাব্যটির বৈশিষ্ট্য সম্পর্কে
আলোচনা করো।

২+১+১১=১৪

অথবা

- (খ) বঙ্কিমচন্দ্রের দুটি সামাজিক উপন্যাসের নাম লেখো। তাঁর
রচিত প্রথম উপন্যাস কোন্ ভাষায় রচিত? উপন্যাসটির
নাম কী? উপন্যাসিক বঙ্কিমচন্দ্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।

২+১+১+১০=১৪

অথবা

- (গ) ছোটগল্পের সংজ্ঞা নিরূপণ করে ছোটগল্পকার রবীন্দ্রনাথের
বৈশিষ্ট্য উল্লেখ করো।

৩+১১=১৪

- ৩। (ক) ধ্বনিপ্রধান ছন্দের সংজ্ঞা নির্দেশ করে স-উদাহরণ এই
ছন্দের বৈশিষ্ট্যগুলো লিপিবদ্ধ করো।

৩+৯=১২

অথবা

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো দুটি) : $৬ \times ২ = ১২$

(১) অন্নপূর্ণা উত্তরীলা গাঙ্গিনীর তীরে ।

পার কর বলিয়া ডাকিলা পাটনীরে ॥

(২) পঞ্চশরে দক্ষ করে করেছ এ কী সম্যাসী,

বিশ্বময় দিয়েছ তারে ছড়ায়ে !

ব্যাকুলতর বেদনা তার বাতাসে ওঠে নিঃশ্বাসী,

অশ্রু তার আকাশে পড়ে গড়ায়ে ॥

(৩) কণ্টক গাডি কমলসম পদতল

মঞ্জীর চীরহি ঝাঁপি ।

গাগড়ি বারি চারি করি পীছল

চলতহি অঙ্গুলি চাপি ॥

(৪) বাপ শুনে কয় বুক ফুলিয়ে গর্ব করি নেকো ।

কিন্তু তবু আমার মেয়ে সেটা স্মরণ রেখো ॥

৪। (ক) যে কোনো দুটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ
করো : $৫ \times ২ = ১০$

অনুপ্রাস ; শ্লেষ ; রূপক ; ব্যাজস্বতি ; নিশ্চয় ;

অতিশয়োক্তি ।

অথবা

(খ) অলংকার নির্ণয় করো (যে কোনো দুটি) : $৫ \times ২ = ১০$

(১) বসিলা যুবতী

পদতলে, আহামরি, সুবর্ণ দেউটি

তুলসীর মূলে যেন জ্বলিল ।

(২) কে ছেঁড়ে পদ্মের পর্ণ?

(৩) তটিনী চলেছে অতিসারে।

(৪) কাজলের মতো কালো কুন্তল পড়েছে বুলে
অলক্রসম রাতুল দুখানি চরণ মূলে।
